পুনস্তদেবাহ—তিলেতি। রমণীনাং সুন্দরীণাং স্মরতন্ত্রস্য উপাধ্যায়ঃ কামশাস্ত্রে বুদ্ধিবৃত্তিপ্রবর্ত্তনেন নিজমহালাম্পট্যরসপদবীসমুপদেষ্টা ইত্যর্থঃ। স বল্লভঃ রমণঃ নিশি জয়তি। তদুক্তং ভক্তিরসামৃতে (২।১।৩৩৩) 'কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া, পত্যুর্ব্বঞ্চনচাতুরীগুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি। বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতি ব্রতান্, কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ! গুরুণা গৌরীগণঃ পাঠ্যতে ॥" কিং কৃত্বা এতাঃ পাঠয়তি তদাহ তিলেতি। তিলমিশ্রিতং তণ্ডুলং তেনৈব মুগ্ধঃ মোহিতো যো জনঃ পামরঃ যদ্বা তিলতণ্ডুলমালিঙ্গনং তেনৈব মুগ্ধঃ যো জনঃ, উভয়থৈব রসজ্ঞানরহিতঃ তদাদীনাং স্বকৃতঃ স্বস্মিন্ কৃতো বা পরিরম্ভশ্চ চুম্বনঞ্চ আদ্যং যেষাং তৈঃ। এতেন স্বাভিলাষাদিকং জ্ঞাপয়িত্বা গোপীজনান্ স্বোন্মুখী-করোতীতি ধ্বনিতং। 'জনো লোকে মহর্ল্লোকাৎ পরলোকে চ পামরে' ইতি মেদিনী। তিলতণ্ডুলমালিঙ্গনমিতি শব্দমালা। আলিঙ্গনস্য তিল-তণ্ডুলবৎ সংশ্লেষযুক্তত্বাত্তথাত্বং ॥ ১১২

রতনারীকস্যাস্য বিলাসচরমাবধিত্বং সূচয়তি—ক্ষণমিতি। ক্ষণমপি

উপবন-দক্ষিণপবন-প্রফুল্লচূতালি-পিকরবাসেবী।
কুসুমালঙ্কার-বলিততনু রনুসুরভি স্ফুরত্যেষঃ ॥ ১১৪॥
জলযন্ত্র-চারুগেহান্তর-বিলসচ্ছীতশয়নতল-বিজয়ী।
রমণীস্তন-পরিরম্ভণমাত্র-কৃতি গ্রীষ্মকালে সঃ॥ ১১৫ ॥

মুহূর্ত্তমাত্রমপি অতিবাহিতং সুরতকলায়াঃ ক্রমেণ পরিপাট্যা যেন তথা সুখভরেণ আনন্দাতিরেকেণ উৎ উচ্চৈঃ আক্রান্তঃ মহানন্দময় ইত্যর্থঃ। বিপরীতরতিরসৈঃ আ সম্যক্ ঋতঃ পূজিতঃ দীপ্তো বা। [ঋতমুঞ্ছশীলে জলে সত্যে দীপ্তে পূজিতে স্যাদিতি মেদিনী।] এতদ্বিলাসেনৈব কৈশোর-কাম-জগতাং সফলীকরণাৎ। বিপরীতবিলাসঃ শ্রীগোবিন্দরতি-মঞ্জর্য্যাং (৫।৯২, ৯৩) দৃশ্যঃ। যদ্বা বিপরীতরতিরসায় আর্ত্তঃ পীড়িতঃ তত্রৈব সন্ততং লুব্ধ ইতি ভাবঃ। এষ বিলাসগুরুঃ সুরতকলাচার্য্যঃ বল্লভঃ প্রাণকান্তঃ রাত্রৌ স্ফুরতীতি শেষঃ ॥ ১১৩

ষড়্ঋতুবিহারং বর্ণয়িষ্যন্নাদৌ বসন্তবিহারং নিরূপয়তি—উপেতি। উপবনঞ্চ (যদ্বা উপবনে) দক্ষিণপবনং মলয়মারুতঞ্চ প্রফুল্লেষু প্রস্ফুটিতেষু চূতেষু আম্রমুকুলেষু যে অলয়ঃ ভ্রমরাঃ পিকাঃ কোকিলাশ্চ তেষাং রবং সুমধুরধ্বনিঞ্চ এতান্ আ সম্যক্ সেবত ইতি তথাবিধঃ এষ অনুসুরভি বসন্তে [বসন্তে পুষ্পসময়ঃ সুরভিরিত্যমরঃ] কুসুমালঙ্কারৈ র্বলিততনুঃ মণ্ডিতদেহঃ সন্ স্ফুরতি। পৌষ্পমণ্ডনানি তু কিরীটকর্ণপূরাদিকানি কৃষ্ণগণোদ্দেশে (১৩৭-১৬৩) লিখিতানি। গোপিকাভি র্বসন্তসুষমাদিকং তাৎকালীনবস্তুজাতঞ্চোপভুজ্য রমতেতমামিতি তাৎপর্য্যং॥ ১১৪

নিদাঘ-বিহারমাহ—জলেতি। জলযন্ত্রৈঃ চারু শোভনং যদ্ গৃহং জল-যন্ত্রমন্দিরমিত্যর্থঃ তদন্তরং বিলসৎ শোভমানং যৎ শীতলং শয়নতলং শয্যা তস্মিন্ বিজয়ী শায়িত ইতি ভাবঃ। রমণ্যাঃ রাধায়া রমণীনাং বা স্তনয়োঃ পরিরম্ভণমালিঙ্গনমেব কেবলং কৃতিঃ কার্য্যং যস্য যদ্বা পরিরম্ভণে এব কৃতিঃ

পুরমণি-গৃহমণি-পর্য্যঙ্কমণি-রমণীমণিমাত্র-পরিবারঃ।
বর্ষাকালবিলাসী বৃন্দাবনচন্দ্র এষ পরিভাতি ॥ ১১৬ ॥
উৎফুল্লকুমুদ-পঙ্কজ-কহ্লারামোদ-সুরভিত-তনুযষ্টী।
শরদি কলিন্দতনূজাতটমভিতো দম্পতী স্ফুরতঃ ॥ ১১৭ ॥
রমণীস্তনোষ্ম-শাম্যচ্ছীত-সুখোদ্ভেদ-বিস্মৃতান্য ঋতুঃ।
হেমন্তকালবিজয়ী কালাগুরুলিপ্ত এষ পরিভাতি ॥১১৮ ॥

সুনিপুণঃ স গ্রীষ্মকালে স্ফুরতীতি শেষঃ। রাত্রিন্দিবন্তস্য সুরতাবেশস্য বর্ত্তমানত্বাদসংযোগেঽপি ধ্যানাদিনা স্ফুর্ত্তৌ গৌণসম্ভোগাদেঃ সদ্ভাবাচ্চ তত্তৎক্রিয়াণাং সাতত্যমিতি বোধ্যং ॥ ১১৫

বর্ষাসু বিহারং বর্ণয়তি—পুরেতি। পুরস্য বৃষভানুপুরস্য নন্দালয়স্য বা মণিরিব তত্র তত্র জাজ্বল্যমানত্বাৎ, গৃহস্য নিকুঞ্জালয়স্য মণিরিব তত্র বিনাপি প্রদীপাদিকং স্বকান্ত্যা দীপ্তিকরণাৎ, পর্য্যঙ্কে খট্বায়াং মণিরিব স্ববক্ষসি তদ্বদ্দোদ্যুল্যমানত্বাৎ, রমণীনাং মণিঃ মহাভাবস্বরূপত্বাদ্ গুণৈরতি বরীয়সীত্বাৎ সুষ্ঠুকান্তস্বরূপত্বাৎ ধৃতষোড়শশৃঙ্গারত্বাদিভিশ্চ। সা এব পরীবারঃ পরিজনঃ যস্য, অন্যকান্তানিরপেক্ষত্বেন তস্যামেব রমণাৎ, যদ্বা সা এব পরিবারঃ পরিচ্ছদঃ যস্য, লীলাবিশেষে নগ্নীভূতস্য তস্য দিগ্‌বসনয়া তয়া পীতবস্ত্রত্বেন ব্যবহারদর্শনাৎ। 'পরিবারঃ পরিজনে খড়্গাকোষে পরিচ্ছদে' ইতি মেদিনী। বর্ষাকালবিলাসী এষ বৃন্দাবনচন্দ্রঃ পরিভাতি ॥ ১১৬

শারদবিহারং বর্ণয়তি—উদিতি। উৎফুল্লানি কুমুদানি চ পদ্মানি চ কহ্লারাণি চ তেষাং আমোদৈঃ গন্ধৈঃ ('আমোদো গন্ধহর্ষয়োঃ' ইতি মেদিনী) সুরভিতে তনূ এব যষ্টী যয়োস্তৌ। তৌ দম্পতী নাগরীনাগরৌ যমুনাতটমভিতঃ সমন্তাদ্ বিবিধবিলাস-পরম্পরয়া শরদি স্ফুরতঃ দেদীপ্যেতে ॥ ১১৭

হেমন্তকালবিনোদং বর্ণয়তি—রমণীতি। রমণী সুন্দরী তস্যাঃ (তাসাং

বর-রমণীপ্রচ্ছদপট-পিহিততনু গূঢ়কেলিরস-রসিকঃ।
শিশির [নিশীথ-বিনোদী গোকুলচন্দ্র এষ স্ফুরতি] ॥ ১১৯॥

*   *   *   *

বা) স্তনয়োঃ উষ্মণা উত্তাপেন শাম্যৎ উপরমৎ শীতং হিমগুণঃ অতঃ সুখস্য উদ্ভেদ উৎপত্তি স্তেন চ বিস্মৃতঃ অন্য ঋতুঃ যেন তথাবিধঃ, কালাগুরুণা লিপ্তঃ হেমন্তকালে বিজয়ী এষ পরিভাতি। কৃষ্ণাগুরুলেপনে শীতলত্বং রাজনির্ঘণ্টে দ্রষ্টব্যম্। শীতপ্রারম্ভে শ্যামানায়িকা-পরিরম্ভণে শীতং দূরী-স্যাদিতি বার্ত্তা। তথাহি—শীতকালে ভবেদুষ্ণা গ্রীষ্মকালে চ শীতলা। পদ্মগন্ধি মুখং যস্যাঃ (কান্তাকর্ষণশীলা যা) সা শ্যামা পরিকীর্ত্তিতেতি॥ ১১৮

শিশির-বিনোদমাহ—বরেতি। বরা সর্বশ্রেষ্ঠা রমণী সুন্দরী সেব [যদ্বা বররমণ্যা রাধায়াঃ] প্রচ্ছদপটেন নিচোলেন পিহিতা তনু র্যস্য তথাবিধঃ। তত্র হেতুমাহ গূঢ়কেলিরসরসিকঃ নিগূঢ়ররহোলীলাবিনো-দীত্যর্থঃ। বধূবেশধৃতিঃ খলু বিপরীতবিলাসসূচিকেতি বোধ্যং। মান-শমনার্থং বা কদাচিৎ, প্রেমসম্পুটে তথা বর্ণনাৎ। কৌতুকার্থং বা, যদুক্তং সঙ্গীতমাধবে (৮।৮৭) 'নবযুবতি-সুবেষং কারয়িত্বা কদাচিৎ পরম-চতুরসখ্যা প্রেষিতং প্রাণনাথং। তদতিমধুররূপেণোচ্ছলৎপ্রেমসিন্ধুঃ স্বনিকটমুপযাতং প্রাহ রাধা বিমুগ্ধা। তত্রৈব (৮।৯২) কদাচিল্ললিতাবেশ-ধারণং কৃতমিত্যবধেয়ম্। স্পষ্টার্থমন্যৎ॥ ১১৯

*   *   *   *

শ্রীগুরুচরণং বন্দে যৎকৃপালেশসম্ভবা।
সমাপ্তা টিপ্পনী চেয়ং মুগ্ধবালেন কেনচিৎ॥

শ্রীশ্রীগৌরগদাধরৌ বিজয়েতাম্।

আর্য্যাশতকম্

—০:*:০—

অনুবাদ।

হরিগিরি-পাদপদ্ম হৃদয়ে বিলাস।
আর্য্যাশতক-ভাষা কহে দাস হরিদাস॥

(১) [শ্রীশ্রীমন্মহাপ্রভুর পাদাঙ্গুষ্ঠচোষণকারী শ্রীমৎ কবিকর্ণপূর গোস্বামিচরণ '**আর্য্যাশতক**' নামক এই স্তুতিকাব্যের রচনা করিয়াছেন। ইহার বর্ণয়িতব্য বিষয় শ্রীশ্রীশ্যামসুন্দরের ধীরললিত-নায়কোচিত গুণরাজির যথেষ্ট পরিবেষণ। প্রথমতঃ তিনি নমস্কার ও বস্তুনির্দেশরূপে শ্রীমন্ মহাপ্রভুর কৃপাতিরেকে স্ফুরিত শ্লোকটিই উদ্ধার করিতেছেন,] যিনি গোপসুন্দরীদের কর্ণদ্বয়ের কুবলয়-সদৃশ প্রীতিপ্রদ, নয়নের কজ্জলবৎ শোভাসম্পাদক এবং বক্ষের ইন্দ্রনীলমণি-নির্মিত মাল্যতুল্য মোহন—অধিক কি, যিনি গোপীদের নিখিল মণ্ডন (বাস, ভূষা, মাল্য ও অনুলেপন) সেই হরি (সর্ব অমঙ্গলহারী, প্রেমরূপগুণাদি-সম্পত্তিদ্বারা সকলের মনঃপ্রাণহারী) জয়যুক্ত হউন। (তাঁহাকে নমস্কার করি, তিনি আমার হৃদয়মণিমন্দিরে আবির্ভূত হইয়া অভীষ্ট কাব্যরচনায় স্ফূর্তি দান করুন—এই প্রার্থনা]।

*　　*　　*　　*　　*

(১১) যিনি রূপেরও রূপ (অসাধারণ রূপসৌন্দর্য্যে বিশ্বব্রহ্মাণ্ডের বিস্ময়কারী, সুরম্যাঙ্গ, সর্বসুলক্ষণান্বিত, নিত্য নবনবায়মান, স্বসৌন্দর্য্যে স্বয়ং মোহিত), যিনি রসেরও রস (সাক্ষাৎ মন্মথ-মদন, আদিরস,

মূর্ত্তিমান্ শৃঙ্গার, স্বয়ং রসরাজ), যিনি সুশীল হইতেও অতি সুশীলতর, (সর্বা কর্ষক, সর্বাহ্লাদক, সর্ববিস্মারক, মহারসায়ন), যিনি ভূষণেরও ভূষণ (স্বসৌন্দর্য্যে ভূষণেরও সুন্দরতাপাদক) সেই বৃন্দাবনচন্দ্র আমার চক্ষুর সম্মুখে সম্যক্ স্ফূর্ত্তি পাইতেছেন।

(১২) [এক্ষণে তাঁহার নায়কশিরোমণিত্ব প্রতিপাদিত হইতেছে] যিনি রসিক (রসজ্ঞ, রসভোজী)-গণেরও মুকুটমণি (স্বয়ং রসরাজ), যিনি বিদগ্ধ (নায়ক)-গণের কিরীটমণি (কন্দর্পোৎসব-পণ্ডিত), যিনি জগৎপ্রসিদ্ধ গুণিগণের চূড়ামণি (অন্য স্বরূপে দুর্লভ অসাধারণ লীলাপ্রেম-রূপবেণুমাধুর্য্যাদি-গুণচতুষ্টয়ে ভূষিত) সেই বৃন্দাবনৈকমুগ্ধমণি বিলাস করিতেছেন। [বৃন্দাবনীয় স্থাবরজঙ্গমাদিতে প্রায়শঃ বিলাসাদির উদ্দীপন হয় বলিয়া, বৃন্দাবনপদার্থসমূহে শ্রীরাধার অঙ্গসাম্য দেখিয়া বারংবার প্রতারিতমতি হইয়াছেন বলিয়া অথবা বৃন্দাবনেই কেবলমাত্র তাঁহার মহামনোমোহন মণিবৎ দীপ্তিশীল কান্তিকন্দলীর প্রকাশ হয় বলিয়া তাঁহাকে বৃন্দাবনৈকমুগ্ধমণি বলা হইয়াছে।]

(১৩) যিনি রমণীমণি মহাভাবস্বরূপা শ্রীরাধার বক্ষোমণি অথবা বিপরীতবিলাসে সেই রমণীমণিই যাঁহার বক্ষোমণি, যাঁহার দেহ ইন্দ্রনীল-মণি হইতেও অতি স্বচ্ছ, নির্মল, মধুর ও কোমল—যিনি শরীরধারী স্নেহরস বলিয়াই যেন প্রতিভাত হয়েন, সেই অনির্বাচ্য নবজলধর শ্যাম জয়যুক্ত হউন।

(১৪) [এক্ষণে তাঁহার ধীরললিত-নায়কোচিত গুণ, স্বভাব ও ব্যবহারাদি সূচনা করিতেছেন] যিনি প্রগল্ভা * নায়িকার সহিত সুরত-ব্যাপারে নিঃশঙ্ক হইয়া লীলাবিলাসে উন্মত্ত হন, যিনি মধ্যা নায়িকার সহিত বিহারকালে মধ্যনায়কোচিত গুণগরিমা আবিষ্কার করেন এবং

* প্রৌঢ়া, মধ্যা ও মুগ্ধা নায়িকাদিগের লক্ষণ ও বিভেদ প্রভৃতি জানিতে হইলে অলঙ্কার-কৌস্তুভ, উজ্জ্বলনীলমণি, কাব্যকৌস্তুভাদি রসালঙ্কারগ্রন্থ দ্রষ্টব্য।

মুগ্ধা বালা (কন্যা) দিগের সহিত খেলাতে যিনি বয়ঃসন্ধিভাবাপন্ন হয়েন— সেই রসৈকসেবী কোনও অনির্বচনীয় পুরুষোত্তম সর্বতোভাবে (মানসে ও সাক্ষাৎ) স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতেছেন। (১৫) [নারীগণমনোহারী শ্রীকৃষ্ণের মুগ্ধাদি নায়িকা-মণ্ডলীতে বিভিন্ন নামকরণ প্রতিপাদন করিতেছেন—] বালিকা (মুগ্ধা কন্যা) গণ যাঁহাকে ঈশ (সর্বকলাকুশল, সর্বতন্ত্রস্বতন্ত্র ইত্যাদি) নামে, মধ্যাগণ যাঁহাকে প্রিয় (বল্লভ, দয়িত ইত্যাদি) নামে, এবং প্রৌঢ়া নায়িকাগণ যাঁহাকে 'সখা' (নিঃসঙ্কোচ প্রণয়বশতঃ প্রাণরমণ, প্রাণসখা ইত্যাদি) নামে আহ্বান করেন— এই প্রকারে সকল অবস্থা-সম্পন্ন ব্রজাঙ্গনা-মণ্ডলে যিনি এক হইয়াও বিভিন্নাখ্যা প্রাপ্ত হন, সেই প্রভুর জয় হউক।

(১৬) [বিভিন্ন নামের বিভিন্ন ব্যবহার দেখাইয়া তাঁহার নায়ক-চূড়ামণিত্ব প্রতিপন্ন করিতেছেন—] যাঁহাকে গোপীগণ সর্বদা (সম্প্রয়োগে, লীলাবিলাসে বা বিরহে) 'দয়িত' (প্রাণপতি, অভীষ্ট, বল্লভ ইত্যাদি) নামে, মানাবসরে যাঁহাকে শঠ (সাক্ষাতে প্রিয়ম্বদ, অন্যত্র অপ্রিয়াচরণ-শীল এবং নিগূঢ় অপরাধপরায়ণ) নামে, নর্মকালে (পরিহাসরসে, কেলি-প্রারম্ভে কিম্বা কেলিকালেও) অধীশ্বর (বিবিধ অদ্ভুতরূপে সর্বকর্ত্তা, বিবিধ অদ্ভুতভাবায় সর্ববক্তা, বিবিধ অদ্ভুত বেশপরিগ্রহে সর্বব্যবহর্ত্তা) নামে দয়িতাগণ-কর্ত্তৃক আহূত হইয়া তত্তৎনামোপযোগী ব্যবহারও অঙ্গীকার পূর্বক সর্ববিধ নায়িকার মনোরঞ্জনশীল ও কমনীয়গুণবিশিষ্ট হইয়া থাকেন, সেই কান্ত আমার সমক্ষে জাজ্বল্যমান হইতেছেন। ['শঠ শব্দটি উপলক্ষণে—কিতবেন্দ্র, মহাধূর্ত্ত, গোপীভুজঙ্গ, কামুকেশ, রতি-লম্পট ইত্যাদির এবং 'অধীশ' বলিতেও দেব, ধার্মিক-চূড়ামণি ইত্যাদির বোধক]। (১৭) [এক্ষণে অবস্থাভেদে ক্রিয়াদিভেদ লক্ষ্য করিয়া তাঁহার বিভিন্ন নাম দেখাইতেছেন] সুহৃৎ [রাধা) বা সুহৃদ্‌গণ (রাধা-সখীগণ) কর্ত্তৃক বিভিন্ন নামে পরিচিত হইয়া তিনি স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতেছেন ;

(কান্তোচিতসুখপ্রদ বা বিবিধ ক্রীড়াশীল বলিয়া) **রমণ** (ভর্ত্তার ন্যায় বহুবিধপ্রিয়কার্য্যদর্শনে) **প্রিয়তম,** (শ্রেয়োভিলাষী-জনপ্রার্থনীয়, বিষাক্তজল-সর্প-রাক্ষসাদি-বিবিধভয় হইতে স্বামিরূপে পালক অথবা বিরহতাপে উত্তাপদায়ক কিম্বা গোপীগণের নিকট সুরতভিক্ষুক বলিয়া) **নাথ,** (নিরুপাধিপ্রেমাস্পদ, সর্বাধিক সৌভাগ্যদাতা, নিজেদের হইতেও পরমপ্রেমবিষয় অথবা গোপীবিষয়ক প্রেমবিস্তারকারী বলিয়া) **প্রেষ্ঠ,** (সর্বথা সর্বদা মনোমন্দিরে স্ফুরণহেতু কিম্বা মনের মহোৎসবদাতা বলিয়া) **মনোনাথ,** (জীবন-রক্ষণে বা বিনাশে একমাত্র কর্ত্তা অথবা জীবাতু-স্বরূপ বলিয়া) **জীবিতেশ্বর,** (সংযোগকালে প্রেমবৈচিত্ত্যাদিতে বিরহানুসন্ধান এবং বিরহাবসরেও কখন স্ফুর্ত্তিতে আবির্ভাবাদিদ্বারা চিত্তের উপর বশীকরণে যথেষ্ট অধিকার বলিয়া অথবা মাধুর্য্যাদিদ্বারা চিত্তহারী বলিয়া) **চিত্তেশ,** (চুম্বকের ন্যায় আকর্ষণকারী বলিয়া) **চিত্তচুম্বক** এবং (বিবিধ বিলাসে, বাক্যে, রূপে, ব্যবহারাদিতে চিত্তগ্রহণ বা চিত্তদান করেন বলিয়া) **দয়িত** ইত্যাদি তাঁহার নাম।

শ্রীব্রজললিত নায়কোচিত রূপমাধুরীর সম্যক্ বর্ণনা।

(১৮) যাঁহার ঘন, কুটিল, নীল ও চিক্কণ **কেশকলাপে** উচ্চবদ্ধ মধুরতর **চূড়া** শোভা পাইতেছে, ময়ূরপিচ্ছচন্দ্রকদ্বারা যাঁহার শিরোভূষণ রচিত এবং যাঁহার ললাটে ভঙ্গিযুত কুটিল কেশপাশ ভ্রমরবৎ শোভা বিস্তার করিতেছে—সেই অনির্বাচ্য প্রাণেশ্বরই স্ফুর্ত্তি পাইতেছেন। (১৯) যাঁহার **বদন**—শারদ-পূর্ণচন্দ্রের জ্যোৎস্না হইতেও সুদৃশ্যতর ও নয়ন-রসায়ন, যাঁহার মনোহর **অধর** ঈষৎ মৃদুমন্দ হাস্যরূপ মধুর মাধুর্য্য-রাশি বহন করিতেছে—সেই পরম কমনীয়গুণশালী কৃষ্ণ স্ফুরিত হইতে-ছেন। (২০) যাঁহার **চিবুকে** পূর্বব্যক্ত রমণীয়তা পরিপূরিত মহা-

সুন্দর শোভাসমৃদ্ধি বিরাজ করিতেছে, যাহার **কণ্ঠ** সৌন্দর্য্যসম্পত্তি আকরস্বরূপ রেখাত্রয়-যুক্ত নীলশঙ্খবৎ দৃশ্যমান হইতেছে, সেই প্র স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতেছেন। (২১) যাঁহার **স্কন্ধদেশ** দীপ্তিমান্, অসমানের ও মহানীল; যাঁহার **বক্ষোদেশ** মাংসল (বলবান্ ও বিশাল) এবং কোমল—সাক্ষাৎ ঘনমেঘের ন্যায় সেই শ্যামল সুন্দর শোভা পাইতেছেন। (২২) বনমালা, মহামণি কৌস্তুভ, কঙ্কণ, কেয়ূর ও হার প্রভৃতি দ্বারা যাঁহার অঙ্গলাবণ্য সমধিক সুন্দর অথবা অঙ্গ-লাবণ্যে উহারাই সমুজ্জ্বল হইয়াছে, স্বর্ণনির্মিত কিঙ্কিণীধারণে যিনি পরম রমণীয় হইয়াছেন, সেই আশ্চর্য্যকর ভূষাময় কোনও জলধর শোভা পাইতেছে। (২৩) সুবর্ণালঙ্কার সমূহের কান্তিতে স্বীয় শ্যামল ও অতিমসৃণ দেহজ্যোতিঃ মিশ্রিত হইয়া জয়যুক্ত হইতেছে। প্রাণকান্তের দর্শনে মনে হয় যেন বিদ্যুন্মালা-পরিচুম্বিত একখণ্ড নবজলধরই উদয় হইয়াছে!! (২৫) ইন্দ্রনীলমণির স্তম্ভবৎ সুশ্যামল, করিরাজের শুণ্ডাদণ্ডের ন্যায় স্থূল ও স্নিগ্ধকান্তিযুক্ত এবং গোপসুন্দরীদের রূপযৌবনাদিজনিত মত্ততাবিশেষের সম্মর্দ্দনে মহানিপুণ,—দয়িতের **বাহু**দ্বয়কে স্মরণ করিতেছি। (২৫) প্রভুর মাংসল, কোমল, চিক্কণ, মধুরতর, শ্যামল ও অতিরমণীয় নবজলধরকান্তি **বক্ষঃস্থল** কোন্ কোন্ নারীর চিত্ত না আকর্ষণ করিতেছে? (২৬) নবীনমেঘ-সুশ্যামল কৃষ্ণের উন্নতাবনত, ত্রিবলিযুক্ত, সুন্দর, মসৃণ, কৃশ, উদার (মহামাধুর্য্যশীল) অথচ ঈষদ্ বিকাশযুক্ত **উদর** কোন্ রমণীকে না সাতিশয় মোহিত করে? (২৭) অহো! **মধ্যদেশের** কৃশতা দেখিয়া আমার চিত্তে হয় যে গুণবদ্ধ ত্রিবলীরূপ রজ্জুসমূহ দ্বারা বিধি উহার দেহমধ্যে মাধুর্য্যরাশিকে বন্ধন করিয়া রাখিয়াছেন, উহাদের ভারবহনের বহুতর পরিশ্রমেই বোধকরি ঐ উদরটি কৃশতর হইয়া পড়িয়াছে!! (২৮) প্রিয়তমের **নাভি**-সরোবর মাধুর্য্যরসে পরিপূর্ণ, চিক্কণ, গম্ভীর, মসৃণ ও দক্ষিণাবর্ত্ত হইয়া স্ফুরিত হইতেছে, মনে হয় যেন উহা রসসমুদ্রের একটি

আবর্ত্ত। (২৯) নাভিহ্রদ হইতে সমুত্থিত, ক্রমশঃ সূক্ষ্ম, মসৃণ ও নীলবর্ণ অথচ মৃদু ও সুললিত **রোমাবলি** কোন্ কোন্ নারীর না মোহ জন্মায়? (৩০) সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর, নিবিড় স্নিগ্ধ ও মৃদুতর **পীতবসন** সুন্দররূপে পরিধান করায় যাঁহার নিতম্ব হইতে শ্যামলকান্তিচ্ছটা উদ্গত হইতেছে—সেই প্রভু জয়যুক্ত হউন। (৩১) যাঁহার **ঊরুদ্বয়** নবীনজলধর-ঘটিত (স্নিগ্ধশ্যামল) রম্ভাকাণ্ডবৎ বিশাল ও স্থূল, এবং যাঁহার **জানুযুগল** অগ্রন্থিল (মাংসল) ও অতিসুন্দর—সেই দয়িত আমার মনে প্রকাশিত হউন। (৩২) পরমসুন্দর ও অতিবেগবান্, মসৃণ ও মধুময় যাঁহার **জঙ্ঘাদ্বয়, চরণ**কমলদ্বয়ে আবার যিনি মণিময় নূপুর ধারণ করিয়াছেন—সেই প্রভুর জয় হউক। (৩৩) যাঁহার **নয়নকোণ** বিবেকহর-উল্লাসের ঘূর্ণাযুক্ত, অনঙ্গবিক্রিয়াভরে বা সৌভাগ্যযৌবনাদির গর্বে পূর্ণ, আকর্ণ-বিশ্রান্তি ও রক্তবর্ণ—যাঁহার **গণ্ডস্থলে** স্বর্ণকুণ্ডল মৃদুমন্দ ভাবে দোদ্যল্যমান—সেই প্রভু জয়যুক্ত হউন।

পৃথক্ পৃথক্ দিবসের বিবিধ কালের লীলাবিনোদ ঃ

(৩৪) বিবিধ পৃথক্ পৃথক্ রহোবিলাসাদিতে যিনি কুশল (সুশিক্ষিত, সুনিপুণ), বিবিধ বৈদগ্ধী (কলাবিলাসাদি) দ্বারা যিনি মনোজ্ঞা ও সুস্নিগ্ধা শোভাসম্পত্তি প্রাপ্ত হইয়াছেন, বিবিধ রসের মহারসিক অথবা ধীরললিত-নায়করসোচিত পরস্পর অবলোকন, অধরসুধাপান, চুম্বন, আলিঙ্গন, বনবিহার, জলকেলি, মধুপান, সঙ্গীত এবং রাসলাস্যাদি বিবিধ শৃঙ্গাররসভোজী সেই বৃন্দাবনাধীশ (বৃন্দাবনের সর্বত্র স্বেচ্ছায় বিবিধ বিহার-পরম্পরা-সম্পাদনকারী) দেদীপ্যমান হইতেছেন। (৩৫) **প্রাতর্লীলা***—নিশান্তকালে সুরতশয্যা হইতে উত্থানোপক্রমে জীবন-

* এই স্থলে বিচার্য্য ও স্মরণীয় বিষয় এই—এই গ্রন্থে অষ্টকালীন ধারা প্রদর্শিত

বল্লভ স্ফুরিত হইতেছেন—(তাঁহার অবস্থা—) প্রেয়সী রাধাকর্ত্তৃক দৃঢ় আলিঙ্গিত কিম্বা স্বয়ং প্রেয়সীকে শিথিলভাবে আলিঙ্গনকারী। রতি-রণোৎসব হইতে সম্প্রতিই বিরত হইলেও পুনরায় সুরতরঙ্গিণী শ্রীরাধার দেহে বহুতর সুরত-সামগ্রী প্রত্যক্ষ সন্দর্শন করিয়াই যেন তিনি আবার রতিসম্পাদনে উন্মুখ হইলেন অথবা রহোলীলান্তে শ্রীরাধার অঙ্গমাধুরীর ক্ষণে ক্ষণে কোটিগুণে বৰ্দ্ধিষ্ণুতা দেখিয়া সেই মন্মথমন্মথেরও বারংবার মন্মথোদ্রেক হয়, সেই রসরাজেরও আবার রসাস্বাদে অপূর্ত্তি আসে। (৩৬) নিশান্তকালে স্বচিত্তমাণিক্যচৌরী দয়িতাকে দর্শনকারী সকলকেলিকোবিদ প্রভু জয়যুক্ত হউন। নিজ সম্মুখে বিস্তৃত, সেই সুরতরঙ্গিণীতে দৃশ্যমান সম্ভোগাতিশয়পূর্ণ সুলোভনীয় কারুণ্য-তারুণ্য-লাবণ্যতরঙ্গময় অগণিত বস্তুসমূহ সম্ভোগ করিতে নিজের অনিপুণতা ও অসমর্থতা পর্য্যালোচনা করত তিনি কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পরাজয় স্বীকার করিলেন। ঐ অলৌকিক পদার্থসমূহ দর্শনজনিত চিত্ত-বিস্ফারণ-রূপ বিস্ময়রতির লক্ষণগুলি তখন তাঁহার নেত্রযুগলেই প্রকাশিত হইল। নেত্রদ্বয় দ্বিগুণ (বিস্ফারিত), মধ্যদেশ বিশেষভাবে রক্তিমাভ, নিশ্চল (নির্নিমেষ) ও রুদ্ধতারক হইল এবং তিনি দুইটী নয়নকেই বিকাশ করিয়া সেই রূপসাগর দর্শন করিতে লাগিলেন। (৩৭) [তখন রসলোলুপ প্রিয়তমকে নিজের অগাধ রসোত্তরঙ্গদর্শনে বিস্মিত ও বিমনস্ক হইতে দেখিয়া মহাভাবনিধি নিজকারুণ্যামৃতধারায় তাঁহাকে পুনরায় অভিষেক করত মৃদুপরিরম্ভণকলায় সুরতবিষয়ে উদ্বোধিত করিলেন]

হয় নাই। লীলার যে অংশে শ্রীপাদের আবেশ হইয়াছে, তাহারই তিনি সুন্দর চিত্র অঙ্কিত করিয়াছেন মাত্র। অষ্টকালীয়া লীলা তিনি 'কৃষ্ণাহ্নিক-কৌমুদী' নামক গ্রন্থে বর্ণনা করিয়াছেন। এস্থলে প্রাতঃকাল বলিতে নিশান্ত লীলাই বুঝিতে হইবে, যেহেতু নিশান্তকালোচিত লীলাই বর্ণনা করা হইয়াছে। ব্রাহ্ম মুহূর্ত্ত 'দিবসাদি' শব্দে স্মৃতি-শাস্ত্রে উক্ত হইয়াছে, সুতরাং এইমতে সূর্য্যোদয়ের পূর্বের চারিদণ্ড কালকেও প্রাতঃকাল বলা যায়।

দয়িতার ভুজদ্বয়ের মৃদুমন্দ আলিঙ্গনে তাঁহার কণ্ঠমূল শোভিত হইলে তখন তাঁহার দেহ হইতেও এক মোহন কান্তিমালা বিকীর্ণ হইতে লাগিল। স্বাভীষ্টসুরত-বিষয়ে পুনর্বার জাগরূক হইয়া সেই কমনীয়-স্বভাব নাগরচূড়ামণি স্ফূর্ত্তিশীল হইতেছেন। অহো! শ্রীরাধালিঙ্গিত-শ্রীকৃষ্ণকে দেখিয়া তখন এই মনে হইতেছে যে মূর্ত্তিমতী রতিকর্ত্তৃক রতিকান্তই বুঝি ভুজনাগপাশে পরিবেষ্টিত হইয়াছেন!! (৩৮) যাঁহার জৃম্ভারম্ভে দন্তকান্তি বিচ্ছুরিত হইয়া চারিদিক উদ্ভাসিত করিতেছে—যাঁহার নয়নদ্বয় নিমীলিত এবং কেশকলাপও আলুলায়িত—এবম্বিধ দয়িতার বদনকমল-চুম্বনকারী সেই ঈশ্বরকেই বন্দনা (অভিবাদন বা স্তব) করিতেছি। একটিমাত্র চুম্বনদান করিয়াই ঝটিতি প্রাণেশ্বরীকে আত্মসাৎ করত সর্বপ্রাধান্য আবিষ্কার করিয়াছেন বলিয়াই তিনি ঈশ্বর। (৩৯) [তদনন্তর লীলাবিলাসের চরম পরিণতি-সূচনা করিতেছেন—] প্রাতঃকালে (নিশান্তে) সেই জগৎপ্রসিদ্ধ নবনাগরীনাগর দেদীপ্যমান হইতেছেন। তাঁহারা উভয়েই পরস্পর অবলোকন, অধরপান, চুম্বন ও নখদন্তক্ষতাদি করিতে করিতে সমানরূপই পরিগ্রহ করিয়াছেন; উভয়েরই কেশকলাপ স্রস্তবিস্রস্ত, হারাদি খণ্ডিত, নখাঙ্কই তাঁহাদের পরিচ্ছদ—এইভাবে উভয়ই উদ্দামবিলাসে পরমোন্মত্ত হইয়াছেন!! (৪০) ভ্রান্তি বা আবেশবশতঃ যিনি রাধার বসন পরিধান করিয়াছেন—অতএব সখীগণ যাঁহাকে দেখিয়া হাস্য (উপহাস) করিতেছেন—নিজের অবস্থা দেখিয়া যিনি স্বয়ং লজ্জাভিভূত হইতেছেন—রাত্রিজাগরণে যাঁহার নয়নদ্বয় নিশ্চল হইয়াছে—সেই প্রাণেশ্বরকেই অবলম্বন করিতেছি। (৪১) উভয়ের অঙ্গে অগুরু-কুঙ্কুম-কস্তূরী-চন্দনাদির যে অঙ্গরাগ ছিল, তাহা সম্মর্দনে পরস্পরের অঙ্গের বিভিন্ন স্থানে বিনিময় হইয়া উভয়েরই দেহলতাতে মনোজ্ঞ ও অপরূপ শ্রী আনয়ন করিয়াছে—অথচ কামদেব উভয়েরই রসচাঞ্চল্য অপহরণ করিয়াছেন, তখন নিস্তরঙ্গরসসমুদ্রবৎ অনির্বচনীয় অবস্থাপ্রাপ্ত

সেই নবনাগরদ্বয়কেই আশ্রয় করিলাম। (৪২) [সুরতান্তকালের চিহ্ন-বিশেষ উট্টঙ্কন করিতেছেন]—চিকুরচয় শিথিল, শিখিপিঞ্ছচূড়া বিচ্যুত, অলকদাম বিপর্য্যস্ত ও পরস্পর সংশ্লক্ত, তিলকগুলি ও খণ্ডিত (ধ্বস্তবিধ্বস্ত), এবং নেত্রদ্বয় নিশ্চল ও ধূসর হইয়াছে—এই প্রাণেশ্বরকেই প্রাতঃকালে আমি স্মরণ করি। (৪৩) দয়িতা-চুম্বনাদিকালে তাঁহার অধররসে এবং প্রণতি-প্রভৃতিকালে তাঁহার চরণস্থিত অলক্তকরসে যিনি রঞ্জিত হইয়াছেন—জাগরণবশতঃ যাঁহার চক্ষুদ্বয় অতিরক্তবর্ণ ধারণ করিয়াছে—ক্ষণকালের জন্য যিনি নিশ্চেষ্ট হইয়াছেন—সেই প্রেমদাতা শ্রীকৃষ্ণচন্দ্রকেই আশ্রয় করিলাম। (৪৪) সুরতসমরাবেশে প্রিয়ার ললাটস্থ সিন্দূরবিন্দু ইতস্ততঃ সংলগ্ন হইয়া যাঁহার চিবুকে অপরূপ সৌন্দর্য্য দান করিয়াছে, রাত্রিজাগরণে যাঁহার মুখবিম্ব পরিধূসরকান্তি ধারণ করিয়াছে; গতি, অবলোকন, করচালন, বিলাস ও স্থিতি প্রভৃতি ব্যাপারে রণকুশল জয়হস্তীর ন্যায় যিনি শোভাবিস্তার করিতেছেন—প্রাতঃকালে সেই কান্তকেই অবলম্বন করিলাম। (৪৫) প্রচণ্ড সুরতসংগ্রামে যাঁহার মুক্তামালা সম্যক্ ছিন্ন হইয়াছে, খণ্ডবিখণ্ডিত অঙ্গরাগাদি ইতস্ততঃ সংলগ্ন হইয়া যাঁহার বক্ষঃস্থলকে সুশোভিত করিয়াছে, গাঢ় আলিঙ্গনে মর্দিততনু সেই রাধাপ্রাণেশকেই প্রাতঃকালে আশ্রয় করিলাম।

(৪৬) [বিপরীত বিলাস সূচনা করিতেছেন]—দয়িতা রাধার ভুজদ্বয়ের দৃঢ় পীড়নে তাঁহার অঙ্গে যে অঙ্গদের চিহ্ন ও নখর-ক্ষতাদি বর্ত্তমান রহিয়াছে—তাহাতেও তিনি মনোহর হইয়াছেন—তাঁহার অধরে দন্তক্ষতের চিহ্নগুলি বিদ্যমান থাকিয়া অতীত সুরত-সংগ্রামের সাক্ষ্য দিতেছে। অহো! প্রাণকান্ত এইভাবে সুরতশয্যা হইতে উত্থিত হইয়া শোভা বিস্তার করিতেছেন। (৪৭) রমণীর দন্তক্ষতের আশ্রয়ে (তজ্জন্য) অধরের তাম্বূলরাগ বিলুপ্ত হইলেও পরমসুন্দরই দেখাইতেছে। ক্ষণকাল নিদ্রিত ও গর্বভরে নিশ্চেষ্ট থাকিয়াই যেন প্রাতঃকালে প্রাণনাথ স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতেছেন। (৪৮) মুখ,

অধর, গণ্ড প্রভৃতির স্থলে স্থলে কজ্জলের বিন্দুগুলি ইতস্ততঃ লাগিয়া মসৃণ হইয়াছে ; ললাট, মস্তক ও চরণাদিতে সিন্দূরবিন্দু সংসক্ত হইয়া মনোজ্ঞ-দর্শন হইয়াছে ; বক্ষঃস্থল ও কন্ধর প্রভৃতির স্থলে স্থলে আবার শুষ্ক-চন্দন-পঙ্কের চিহ্ন দেখা যাইতেছে। এইভাবে তিনি সুরতশয্যা হইতে গাত্রোত্থান করিয়াও স্ফুরিত হইতেছেন ! (৪৯) নীবিবন্ধন শিথিল হওয়ায় স্বাভাবিক-স্থান (কটিদেশ) হইতে অধোদেশে পরিভ্রষ্ট বস্ত্রখানি বামহস্তে উন্নয়ন করিতে করিতে তিনি শয্যাত্যাগ করিতেছেন। (৫০) উত্থানাবসরে ভয়সন্ত্রস্তচিত্তে শিথিল বস্ত্রখানির কতকাংশ কটিদেশে জড়াইয়া কতকাংশ ভূমিতলে ফেলিয়া উপবেশন করত প্রাণবল্লভ স্ফুরিত হইতেছেন। (৫১) দক্ষিণ হস্তে কটিবস্ত্রবন্ধটীকে ধরিয়া বামহস্তে দয়িতাকে সামান্যতঃ আলিঙ্গন-পূর্ব্বক শয্যাত্যাগ করিতে করিতে মদীয় চিত্তে স্ফূর্ত্তিপ্রাপ্ত হইতেছেন। (৫২) বস্ত্রখানি একেবারেই খসিয়া পড়িলে তাঁহার ঊরুমূলের কতকাংশ প্রকাশিত হইয়া পড়িল। তখন বামহস্তে প্রাণবল্লভ নাভির নিকট বস্ত্রখানি উত্তোলন করিবার জন্য সচেষ্ট হইতেছেন। (৫৩) পার্শ্বপরিবর্ত্তন অর্থাৎ গাত্রমোটনকালে তাঁহার বসন অস্তব্যস্ত হইয়া গেলেও তাহাতেই তাঁহার সৌন্দর্য্য-বৃদ্ধি হইল। চরণস্থিত নূপুরাদি ভূষণও অংশতঃ ভ্রষ্ট হইয়া গেল—এইভাবেই তিনি প্রাতঃকালে বিজয় করিতে লাগিলেন। (৫৪) সুরতশয্যা হইতে উঠিতে উঠিতেই তিনি রসালসের সহিত প্রাণবল্লভাকে আলিঙ্গন করিলেন—অনন্তর সখীগণ তাঁহাকে উপহাস করিতে থাকিলে তিনিও মৃদুমন্দভাবে রসরহস্যালাপ করিতে লাগিলেন। (৫৫) পরিহাস করিতে করিতেই তখন তাঁহার স্বস্বভাব জাগিয়া উঠিলে অনঙ্গবিক্রিয়াভরজ উল্লাসাতিরেকে তিনি চঞ্চলচিত্ত হইয়া সখীগণের প্রত্যেককে আলিঙ্গন ও চুম্বন করিয়া করিয়া হাসিতে লাগিলেন। (৫৬) কোনও (মধ্যা) নায়িকা-কর্ত্তৃক উপহসিত, কোনও (মুগ্ধা) নায়িকা কর্ত্তৃক অনুজ্ঞাত, কোনও (প্রৌঢ়া) নাগরীকর্ত্তৃক উত্তমরূপে তিরস্কৃত হইয়া নিজদেহে বা তাঁহাদের দেহে রতি-

চিহ্নগুলি দেখিয়া সেই কুতুকিত দয়িতাসভাতে তিনি ক্রীড়া করিতেছেন। (৫৭) কাহাকেও হাসিয়া (উপহাস করিয়া), কাহাকেও চুম্বন করিয়া, অন্য কাহাকেও বা যথেষ্ট পরিরম্ভণ করত সেই সেই প্রিয়সখীগণ-কর্তৃক অপরাধী বলিয়া সাব্যস্ত হইলেও স্বপ্রভাব বিস্তার করিয়া শোভা পাইতেছেন। (৫৮) সখীজনবিহারানন্তর তাঁহার রসচাঞ্চল্যবিষয়ে জ্ঞানবতী চতুরা রাধার সমক্ষে দন্তনখক্ষতাদি গোপন করত পরিহাসভীরু ও লজ্জাভরে সঙ্কুচিত হইয়া প্রাণেশ্বর স্ফুরিত হইতেছেন।

মধ্যাহ্নকালে যমুনায় জলকেলি বর্ণন।

(৫৯) প্রাতঃকালে রসালসে বিবশ হইয়া—প্রেয়সীগণ কর্তৃক ঐ ঐ প্রকারে (রতিচৌর, নারীভুজঙ্গ, কামুকেশ, লম্পটচূড়ামণি ইত্যাদি) প্রেম-সম্বোধনে আহূত হইয়া সুরতবিষয়ে অশ্রান্ত (অনুদাসীন) হইলেও দেহে শ্রান্ত হইয়া প্রাণেশ্বর যমুনাতটের দিকে অগ্রসর হইতেছেন। (৬০) গোপীগণ কেহ বা সুরত-সংগ্রামে, কেহ বা পথশ্রমে, কেহ বা রাত্রিজাগরণে অবশাঙ্গী হইলে তাঁহাদিগের অবস্থা স্বয়ং জানিয়া জানিয়া মৃদুমন্দ আলিঙ্গন করত অতিকোমলচিত্ত প্রভু যমুনাকূলে বিজয় করিতেছেন। (৬১) মধ্যাহ্নে যমুনাজলে বিবিধ কেলিকলা প্রকাশ করিতে যাঁহার মন চঞ্চল হইয়াছে এবং নব উন্মাদরস নিত্যবৃদ্ধি হইতেছে—সেই দয়িতাগণ-মণ্ডিত রসময় প্রিয়তমকে আশ্রয় করিলাম। (৬২) কোনও গোপীকে নিজের করপুট হইতে মুক্ত জলধারায় নিমীলিতনেত্র করিয়া উৎকণ্ঠাভরে তাঁহাকে আলিঙ্গন করত জলরস-কেলিতৎপর রসিকরাজ শোভা পাইতেছেন। (৬৩) সুন্দরকুচ-যুগলশালিনী নিখিল প্রণয়বতীর হস্তনিঃসৃত জলরাশিতে তিনি মুগ্ধ (মনোজ্ঞ বা মূঢ়চিত্ত) হইয়াছেন এবং উহাকে কামদেবের বারুণাস্ত্র জানিয়াই যেন অতিচঞ্চলচিত্তে কান্ত স্ফূর্ত্তি পাইতেছেন। (৬৪) কোনও দয়িতা জলসিঞ্চন করিতেছেন, কেহ বা তাঁহার হস্তদ্বয় দৃঢ়ভাবে ধরিয়া রাখিলেন, অন্যজন আবার তাঁহার চক্ষুদ্বয় ধরিয়া ফেলিলেন—এইভাবে যুগপৎ সকল গোপীগণ-

কর্ত্তৃক কদর্থনা পাইয়াও তিনি জলকেলিতেই মত্ত হইলেন। (৬৫) তখন কোনও গোপীকে জলসিঞ্চন করিয়া, কাহাকেও ত্যাগ করিয়া, অপর কাহাকেও বা এক হস্তে ধরিয়া প্রিয়াগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া মধ্যাহ্ন জল-কেলিতে সেই প্রাণেশ্বর আনন্দ করিতেছেন। (৬৬) অকস্মাৎ সুখভরে জলে ডুবিয়া কোনও গোপীর সম্মুখে পুনরায় ভাসিয়া উঠিলে তিনি ভয়সন্ত্রস্তচিত্তে সেই গোপীকর্ত্তৃক আলিঙ্গিত হইয়া জলবিহারে স্ফূর্ত্তি পাইতেছেন। (৬৭) গোপীগণসহ স্নান করিয়া জল হইতে উপরে উঠিলে মহানীল জ্যোতি বিকীরণ হইতে লাগিল। তাঁহার পরিধেয় সুন্দর বস্ত্রখানি হইতে জলবিন্দু সকল ক্ষরিত হইতেছে—এইভাবে কিয়ৎকাল তিনি স্ফূর্ত্তি পাইতেছেন। (৬৮) আলুলায়িত কেশপাশ হইতে জলবিন্দু বিগলিত হইতেছে, অহো! তাহাতেও তাঁহার অপরূপ রূপ-লাবণ্যই ঝলক দিতেছে! কোনও গোপিকার (রাধিকার) স্কন্ধদেশে হস্ত রাখিয়া স্নাত কৃষ্ণ স্ফূর্ত্তি পাইতেছেন। (৬৯) জলে আর্দ্র বসন প্রেয়সীগণের দেহে সংলগ্ন হইয়া থাকিলে তাঁহাদিগের তাৎকালীন মহামোহন সৌন্দর্য্যসম্ভার দেখিয়া যাঁহার চিত্তে তৎক্ষণাৎ মদন অঙ্কুরিত ও বর্দ্ধিত হইয়া কদর্থনা করিতেছিল—সেই স্নানোত্থিত কৃষ্ণ বিজয় করিতেছেন। (৭০) গোপীগণ বাম হস্তে শিথিল কেশকলাপ ধরিয়া দক্ষিণ হস্তে অল্পযত্নে বক্ষের কাপড় তুলিয়া দিতেছেন দেখিয়া তিনি হতবুদ্ধি বা কান্তিহীন হইয়া স্ফূর্ত্তি পাইতেছেন। (৭১) যাঁহাদের অধররাগ লুপ্ত, চরণের অলক্তক চিহ্নও বিলুপ্ত, করপদের নখাবলির রাগ (অনুলেপন)ও ধৌত এবং নয়নের কজ্জলরেখা ও নষ্ট হইয়া গিয়াছে—সেই রমণীমণিদিগকে কামবাণে বিদ্ধ করিয়া স্নানানন্তর এই প্রভু স্বপ্রভাব বিস্তার করিতেছেন। (৭২) তার পরে ঔৎসুক্যাদি-জনিত উন্মাদ ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকিলে তিনি স্থির ও ক্ষণকাল নিশ্চেষ্ট হইয়া লোকাগমনাদিভয়ে একবার ইতস্ততঃ নিরীক্ষণ করত পরিকরগণ (গোপীগণ) সহিত জল হইতে তীরে উঠিয়া উন্মগ্ন জল-

হস্তীবৎ গতি, অবলোকন, করচালনাদি বিবিধ বিলাসভঙ্গী অঙ্গীকার করত তাঁহাদের সহিত রমণ করিতেছেন। (৭৩) সেই মধ্যাহ্নকালে জলবিহার হইতে উপরত হইয়া পরমসুন্দর রমণ আবার যমুনাতীরে গন্ধতৈলাদি দ্বারা অভ্যঞ্জন পূর্বক উদ্বর্ত্তনাদিক্রমে অভিষিক্ত হইয়া শোভা পাইতেছেন। (৭৪) এই অভিষেকের পরে কান্তাগণ তাঁহাকে বস্ত্রাদি পরিধান করাইলেন, অঙ্গে অঙ্গরাগ দিলেন ; বনমালা, পিঞ্ছমুকুট ইত্যাদি ভূষণে ভূষিত করিলেন এবং প্রেমনয়নে নিরীক্ষণ করিতে থাকিলেন। এবম্বিধ রমণকেই আশ্রয় করিলাম। (৭৫) তিনিও গোপীকে বসন পরাইতেছেন, কাহাকেও অঙ্গ-রাগ দিতেছেন, কাহাকেও বা হারাদিদ্বারা শৃঙ্গার করিতেছেন ; এইভাবে মহারসে দয়িতাগণের পরিচর্য্যাতৎপর প্রিয়তমকেই অবলম্বন করিলাম। (৭৬) মধ্যাহ্নে বিবিধ জলকেলি-বিদ্যায় তাঁহার অঙ্গরাগাদি খণ্ডিত হইলেও কিন্তু তাঁহার শোভন কান্তিক্ষয় না হইয়া বরং বৃদ্ধিই হইয়াছিল। এক্ষণে তাঁহার কেশকলাপ প্রথমতঃ উন্মুক্ত, তৎপরে কঙ্কতিকাদি দ্বারা প্রসাধিত ও ভঙ্গিবিশিষ্ট করিলে তিনি শোভা বিস্তার করিতেছেন। (৭৭) স্নান করিয়া যাঁহাদের কেশপাশ ও কুটিল অলকাবলি নির্ম্মল হইয়াছে, সেই দয়িতাগণ-কর্ত্তৃক বারংবার আলিঙ্গিত হইলে কেবলমাত্র কামকলারই শোভা-সমৃদ্ধির লক্ষণাবলি প্রকাশ করিয়া তিনি মধ্যাহ্নে বিজয় করিতেছেন। (৭৮) পুনরায় তাঁহার কেশপাশকে উন্মুক্ত করিয়া প্রসাধিত, বিলাসযুক্ত-ভঙ্গীবিশিষ্ট ও নিতম্ব-পর্য্যন্তলম্বিত করিয়া দেওয়া হইল, কেবল মাত্র চন্দনের ভূষা পরিধান করত তিনি মধ্যকালে সপরিকর শোভা পাইতেছেন। (৭৯) তখন কুণ্ডলমাত্রই ভূষা, চন্দনপঙ্কই অঙ্গরাগ, কেশদাম উন্মুক্ত এবং রত্নখচিত পাদুকা চরণে পরিয়া তিনি মধ্যাহ্নে স্ফূর্ত্তি পাইতেছেন। (৮০) রত্নপাদুকায় রক্ষিতপদ হইয়া (তাহা পরিধানপূর্বক) কান্তা শ্রীরাধার স্কন্ধে বাহু অর্পণ করত ক্ষণকাল ইতস্ততঃ (বনবিহার করিতে) পর্য্যটন করিয়া তিনি মধ্যাহ্নে শোভা পাইতেছেন।

মধ্যাহ্নে শয়নলীলা-বর্ণনা ;

(৮১) কেলিবিলাসাদির উপভোগে শুভ ইচ্ছা হওয়ায় তাম্বূলাস্বাদের মদে (উল্লাসাতিরেকে) সমুন্মত্ত হইয়া পালঙ্কের প্রতি দৃষ্টিপাত পূর্বক প্রাণকান্ত মধ্যাহ্নে জয়যুক্ত হইতেছেন। (৮২) লীলাবশতঃ দক্ষিণ কনুই উপধানের মধ্যে স্থাপিত করত বাম করতলের উপর গণ্ডদেশ স্থাপন পূর্বক যিনি দক্ষিণ হস্তে প্রিয়াকে নিরোধ করিলেন, যাঁহার মালাটি বক্র হইয়া শোভা পাইতেছিল, সেই কান্তই মধ্যাহ্নে শয়ন করিলেন। (৮৩) বামকরে গণ্ডদেশ ন্যস্ত করত দক্ষিণ হস্তে যুবতিপ্রদত্ত তাম্বূল গ্রহণ পূর্বক দক্ষিণ জানুদ্বারা প্রিয়ার নিতম্বদেশ গ্রহণ করিয়া তিনি শয়ন করিলেন। (৮৪) নিরুদ্বিগ্না শ্রীরাধাকে হৃদয়ে লাগাইয়া (আলিঙ্গন করত) তৎকর্ত্তৃক প্রদত্ত চর্বিত তাম্বূলাস্বাদনে তিনি একেবারে মদোন্মত্ত হইলেন এবং তাঁহার বচন ও বসন স্খলিত হইতে লাগিল, তখন মৃদুমন্দ হাসিয়া তিনি শোভা পাইতে লাগিলেন। (৮৫) এক হস্তে তিনি বরাঙ্গী রাধার কেশপাশ লালন করিতেছেন এবং অপর হস্তে তাঁহার চিবুক ধরিয়া মৃদুমন্দ বাক্যে হাস্য-ফোয়ারা তুলিয়া বিজয় করিতেছেন। (৮৬) পদসম্বাহনরতা কোনও মঞ্জরীকে তখন চরণ-সঙ্কেতে বা চরণদ্বারা কোনও চিহ্নসূচনা করত কিম্বা চরণপ্রহারে অবজ্ঞা করত অথচ বক্ষে ধরিয়া আলিঙ্গন করিলেন, ব্যজন-কারিণী মঞ্জরীদিগকেও নয়নকটাক্ষেই যেন আলিঙ্গন করিয়া তিনি দিনসুপ্ত হইলেন। (৮৭) পূর্বোক্তা সুকুমারী সখীটি দুইজনের মধ্যগত হইলে তাঁহার প্রতিও রসচাঞ্চল্য বিস্তার করিতে দেখিয়া সেই সখীকে প্রিয়বাক্যে আশ্বাস প্রদান করত দয়িতা যাঁহাকে মিথ্যা তিরস্কার করিতেছেন,—সেই প্রিয়তম প্রকাশ পাইতেছেন। (৮৮) শ্রীরাধা সখীকে চলিয়া যাইতে দেখিয়া বলিলেন—'হে সখি! যাইও না, যাইও না; আমার পৃষ্ঠদিকে অবস্থান কর।' তিনি পৃষ্ঠাবলম্বন করিলে তাঁহাকে পৃষ্ঠে করিয়া পার্শ্বপরিবর্ত্তন

করিলে প্রিয়তম দ্বিগুণ উৎসাহে বাঞ্ছিতকার্য্যে তৎপর হইয়া শোভা পাইতেছেন। (৮৯) নিজসখীর করতল হইতে তাম্বূল কাড়িয়া নিজ প্রাণবল্লভার মুখে অর্পণ করত তাঁহার ওষ্ঠদেশ তাম্বূলরাগে রঞ্জিত করিতেছেন—এবং চর্বিত তাম্বূলের আদান প্রদানেও যে লীলাবিধি উপস্থিত হইল, তাহাতেও সুন্দরতর হইয়া তিনি প্রতিভাত হইতেছেন। (৯০) নীবীমোক্ষণজন্য নাভিপ্রান্তে করতল স্থাপন করিলে শ্রীরাধা কোপপ্রকারে যে 'না না' বলিয়া নিষেধ বাক্য বলিলেন, তাহাতেই হতাশ হইলেও কিন্তু রাধার মৃদু হাস্যে অপরাধ মার্জ্জিত হইয়াছে মনে ভাবিয়া তিনি প্রতিভাত হইতেছেন। (৯১) সখীসমক্ষে কুপিত কামদেবের বিষম কুসুমবাণ সহ্য করিতে সামর্থ্যশালা এবং দিবসজনিত লজ্জাতিশয়রূপ কবচে আবৃতা বিদগ্ধা রাধা যাঁহার নিদ্রা বাঞ্ছা করিতেছেন—সেই প্রভু দিনসুপ্ত হইয়া শোভা পাইতেছেন। (৯২) নিমীলিতনেত্রে মুহুর্ম্মুহু শ্বাস প্রশ্বাস নিতেছেন দেখিয়া রমণীকে কপটনিদ্রাবতী জানিয়াও না জানিয়াই যেন চুম্বন দান করিয়া তিনি স্ফূর্ত্তি পাইতেছেন। (৯৩) সুন্দরী নিদ্রালু হইলেও বারংবার বলাৎকারে দৃঢ় চুম্বনদানে তাঁহার চক্ষুর মুদ্রা (নিমীলন) ভাঙ্গিয়া দিয়া হাস্যমুখে তিনি শোভিত হইতেছেন।

অপরাহ্নলীলাবিনোদ-বর্ণন।

(৯৪) প্রথমতঃ ক্ষণকাল নিদ্রিত হইয়া তৎপরে আনন্দজড়তায় চক্ষু মুদ্রিত করত নেত্ররসায়ন সুন্দর শ্যামবিগ্রহ শ্রীবৃন্দাবননায়ক অপরাহ্নকালে শায়িত থাকিয়াই স্ফূর্ত্তি পাইতেছেন। (৯৫) নিদ্রাক্ষয়ে বিরত ও নিমেষ-বিহীন চক্ষুর চিহ্নাদি ধারণ পূর্ব্বক প্রাণেশ্বর শোভা পাইতেছেন। (৯৬) দিনশেষে সুশীতল মলয়পবন-সেবিত হইয়া শয্যা হইতে উঠিতে উঠিতে ক্ষণকাল মত্ততাস্বভাব ত্যাগ করিয়া তিনি স্ফূর্ত্তি পাইতেছেন। (৯৭) শয্যা-ত্যাগ করিলে ইঁহার চক্ষুদ্বয় দ্বিগুণ রক্তাভ হইল, দ্বিগুণ বিস্ফারিত ও

দ্বিগুণমদে জড় হইয়া আসিতেছিল। কেশপাশ শিথিল এবং বসন স্খলিত হইতে লাগিল। (৯৮) তখন দয়িতাগণ প্রেমভরে তাঁহাকে বসন পরাইলেন, অঙ্গে অনুলেপন করিলেন, বিবিধ ভূষণে ভূষিত করিলেন, পরিপাটির সহিত সুন্দররূপে কেশপ্রসাধন করিয়া চূড়া বন্ধন করিলেন - এবম্বিধ প্রাণেশ্বরেরই অবলম্বন করিলাম। (৯৯) হরিণনয়না শ্রীরাধা ভুজ উন্নমিত করিয়া চূড়াবন্ধন করিয়া দিলেও কিন্তু 'না না, এখনও ঠিক হয় নাই' বলিয়া বারংবার দর্পণ অবলোকন করিয়া তিনি জয়যুক্ত হইতেছেন। (১০০) মলয়জ-বায়ুদ্বারা সেবিত এবং চন্দন-পঙ্কের লেপনে বক্ষঃস্থলে সুষমা-মণ্ডিত হইয়া কুঞ্জকুটীরে বিহারী প্রভু অপরাহ্নকালে স্ফুরিত হইতেছেন। (১০১) দিনাবসানে প্রভু বিবিধ কুসুম-রচিত মাল্যাদি-ভূষণে ভূষিত হইয়াছেন অথবা স্বয়ং গোপীদের জন্য বিবিধ পৌষ্প-শিল্পরচনায় নিযুক্ত হইয়াছেন। উত্তমরূপে পিষ্ট পটবাস চূর্ণদ্বারা তিনি সুবাসিত এবং সুচারু চতুঃসমের অঙ্গরাগে লিপ্তদেহ হইয়া স্ফূর্ত্তি পাইতেছেন। [কস্তূরিকা ২ ভাগ, চন্দন ৪ ভাগ, কুঙ্কুম তিনভাগ এবং কর্পূর একভাগ মিশাইলেই চতুঃসম প্রস্তুত হয়।] (১০২) কাহাকেও পরিহাস করিয়া, কাহাকেও চুম্বন করত, কাহাকেও বা যথেষ্ট পরিরম্ভণ পূর্বক সকল রমণী-সভায় এইভাবে বিলাস-চাতুর্য্য প্রকটনে তিনি শোভা পাইতেছেন। (১০৩) বীণা, বেণু, মৃদঙ্গ, ও বিপঞ্চী প্রভৃতি বাদ্যযন্ত্রসহযোগে সঙ্গীতালাপে শ্রুতিরসায়নত্ব প্রকাশ করিয়া তিনি বিরাজ করিতেছেন। (১০৪) স্বয়ং এক হইলেও নিখিল গোপীর সহিত পণপূর্বক অক্ষক্রীড়া করিতে উদ্‌যুক্ত ও অতিশয় অনুরক্ত হইয়া পরাজয়েও সমানলাভ মনে করত তিনি বিলাস করিতেছেন। (১০৫) পাশাখেলায় জয়লাভ করিয়া পাশক চালাইতে প্রিয়তমা হস্ত সমুন্নত করিয়া তাঁহাকে বাধা দিয়া বলিলেন—'ক্ষান্ত হও, আমিই জয়লাভ করিয়াছি !!' অহো ! এইরূপে বিজয়ী হইয়াও পরাজয় স্বীকার করত তিনি শোভা পাইতেছেন। (১০৬) বিবিধ (ভূত, ভবিষ্যৎ বা বর্ত্তমান) বিলাস

সম্বন্ধীয় (রসোদ্গার, আলাপ-প্রলাপাদি অথবা স্বাভিলাষ-প্রকাশক) কথা বলিয়া কান্তাদের হৃদয়ে বিহারোৎকণ্ঠা জাগাইয়া আবার কথামধ্যে নিরন্তর দৃঢ়চুম্বন ও আলিঙ্গনাদি-ব্যাপারে মগ্ন হইয়া তিনি অপরাহ্নে বিজয় করিতেছেন। (১০৭) লীলাক্রমে উপাধানের উপরি পার্শ্বদেশ স্থাপন করত বক্রভঙ্গীতে উপবিষ্ট হইয়া সুন্দরীমণি শ্রীরাধার বদনের দিকেই নয়নদ্বয় নিবিষ্ট করত তিনি প্রতিভাত হইতেছেন। (১০৮) উপাধান-শোভিত পালঙ্কে অৰ্দ্ধ উপবিষ্ট ও অৰ্দ্ধশায়িত অবস্থায় শ্রীরাধাকে ক্রোড়ে স্থাপন পূর্বক **সায়ংকালে** বিজয়ী প্রাণকান্তকেই মুহুর্মুহু আশ্রয় করিতেছি। (১০৯) চতুর্দিকে নূতন বা অত্যুত্তম কর্পূর-বাসিত, সুললিত তাম্বূল, চন্দন, মাল্য প্রভৃতি দ্বারা সুসজ্জিত শয্যায় তিনি **প্রদোষকালে** ঈষৎ হাস্য-শোভিবদনে প্রতিভাত হইতেছেন।

নৈশবিহার—বর্ণনা।

(১১০) চন্দ্রকিরণে শুভ্র রজনীসমূহে উপবনকুটীরসমূহে বিবিধ কুসুমবিলাসী বৃন্দাবন-নায়ক স্ফুরিত হইতেছেন। স্বয়ং গোপীগণ-বিরচিত পুষ্পহারে ভূষিত হইতেছেন অথবা স্ববিরচিত পুষ্পভূষণে গোপীদের দেহ সুসজ্জিত করিতেছেন। (১১১) আলিঙ্গন, পরিচুম্বন, দন্তনখাঘাত, কুচদ্বন্দ্বের আঘাত ইত্যাদি বিলাস-পরম্পরা সম্পাদনে স্মরসমরকেলিতে মহাপণ্ডিত রজনীতে জয়যুক্ত হউন। (১১২) তিলতণ্ডুলমুগ্ধ (তিলমিশ্র-তণ্ডুলেই মুগ্ধ, অথবা আলিঙ্গনেই মুগ্ধ—সর্বথাই অরসিক) জনদিগকে আলিঙ্গন চুম্বনাদি প্রদানে বা গ্রহণে (উৎকট স্বাভিলাষ সংসূচনা করত) গোপসুন্দরীদের কামশাস্ত্রের উপদেষ্টা বল্লভ রাত্রিকালে জয়যুক্ত হউন। (১১৩) রজনীর প্রত্যেকক্ষণই তিনি সুরতকলা-বিনোদের পরিপাটীতেই অতিবাহিত করিতেছেন—সুখাতিরেকে তিনি পরিপূর্ণ-

হৃদয়—বিপরীতরতিবিলাসে সম্যক্ সংক্ষুব্ধচিত্ত এই বিলাসগুরু (সুরত-কলাচার্য্য) জয়যুক্ত হউন ॥

ষড়্ঋতুর বিহার-বর্ণনা ;

(১১৪) **বসন্ত**ঋতুতে তিনি উপবনে মলয়পবনে প্রফুল্লআম্র-মুকুলাস্বাদমত্ত ভ্রমর-কোকিলাদির ধ্বনি সম্যক্ সেবা করিয়া পুষ্পা-লঙ্কারে ভূষিত হইয়া স্ফুরিত হইতেছেন। (১১৫) **গ্রীষ্ম**কালে তিনি জলযন্ত্রময় সুচারু মন্দিরাভ্যন্তরে সুশোভন শীতলশয্যায় রমণীমণির বক্ষোজ-দ্বয়ের পরিরম্ভণকার্য্যেই অনুরক্ত হইয়া বিজয়লাভ করিতেছেন। (১১৬) যিনি পুরমণি (বর্ষাণ বা নন্দালয়ের মণিস্বরূপ জাজ্বল্যমান), গৃহমণি (নিকুঞ্জ-মন্দিরে প্রদীপাদির আলোকব্যতিরেকেও নিজকান্তিকণায় তন্মধ্য-দেশ আলোকিত-কারিণী), পর্য্যঙ্কমণি (পালঙ্কে বিলাসকালে নিজবক্ষঃ স্থলে মণিবৎ দোদুল্যমানা) রমণীমণি মহাভাবস্বরূপা শ্রীরাধাঠাকুরাণীকেই মাত্র সঙ্গে লইয়া অথবা বিলাসবিশেষে তাঁহাকেই মাত্র পরিচ্ছদরূপে ব্যবহার করত **বর্ষাকালে** বিলাসী এই বৃন্দাবনচন্দ্র প্রতিভাত হইতেছেন। (১১৭) **শরৎ**কালে প্রফুল্ল কুমুদ, পঙ্কজ, কহ্লারাদি কুসুমের গন্ধে যাঁহাদের দেহলতা সুরভিত হইতেছে, সেই ব্রজনবযুবদ্বন্দ্ব কালিন্দীতীরে স্ফূর্ত্তি পাইতেছেন। (১১৮) সুন্দরীমণি শ্রীরাধার স্তনতাপে শীত নিবারণ করত মহাসুখের উদ্‌গমে যিনি অন্যঋতুর বিষয়ে বিস্মৃত হইয়া থাকেন, কালাগুরুদ্বারা লিপ্তদেহ সেই কান্ত **হেমন্ত**কালে বিজয়ী হউন। (১১৯) বররমণী শ্রীরাধাবৎ অথবা তাঁহারই প্রচ্ছদপটে (উড়্নায়) অঙ্গ ঢাকিয়া নিগূঢ়রসকেলি-সম্পাদনেচ্ছু প্রাণবল্লভ **শীত**ঋতুতে নৈশ-বিহার করিতেছেন।

* * * *

শ্রীশ্রীমদ্‌গুরবে সমর্পণমস্তু ;